হলি সমবায় সমিতি সিলেটের ইসলামিক আলোচনা সভা ও ইফতার মাহফিল

চেম্বার ডেস্ক:: হলি ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিমিটেড সিলেটের উদ্যোগে ইসলামিক আলোচনা, প্রশ্নোত্তর ও ইফতার মাহফিল গতকাল ১ এপ্রিল শনিবার বিকালে নগরী মির্জাজাঙ্গালস্থ একটি অভিজাত হোটেলের হল রুমে অনুষ্ঠিত হয়।
হলি ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি সিলেটের প্রধান উপদেষ্টা, প্রবীন ব্যবসায়ী মোঃ রফিক হক এর সভাপতিত্বে আলোচনা সভায় ইসলামিক আলোচক হিসেবে বক্তব্য রাখেন ঢাকার ধানমন্ডিস্থ সোবহানবাগ জামে মসজিদ মাদ্রাসা কমপ্লেক্সের খতিব এবং এটিএন বাংলার ইসলামিক প্রোগ্রামের আলোচক ও ভাইস প্রেসিডেন্ট শায়েখ শাহ ওয়ালী উল্লাহ।
হলি ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতির সাধারণ সম্পাদক নিয়াজ মোঃ আজিজুল করিম এর পরিচালনায় অনুষ্ঠানে অতিথি হিসেবে বক্তব্য রাখেন হাজী কুদরত উল্লাহ জামে মসজিদের ইমাম ও খতিব শায়খ সাঈদ বিন নুরুজ্জামান, সিলেট মহানগর ব্যবসায়ী ঐক্য কল্যাণ পরিষদের সভাপতি আব্দুর রহমান রিপন, সিনিয়র সহ সভাপতি আব্দুল মুনিম মল্লিক মুন্না ও আব্দুল হাদি পাবেল, সমিতির উপদেষ্টা বিশিষ্ট ব্যবসায়ী মোহাম্মদ আলী আকিক, আব্দুল কাইয়ুম। বক্তব্য রাখেন হলি ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতির সভাপতি আহমদ আফজল সিরাজ পাভেল, ব্যবসায়ী আব্দুল খালিক খান রহিম, শাহেদ বকস, শরিফ আহমদ, জাকারিয়া আহমদ, জাবেদ আহমদ, শিমুল হামিদ, শামীম খান, আজিজুল মকসুদ তালহা, আক্তার হোসেন, আব্দুল আউয়াল জসিম, এনায়েত মৌলা রাজু, হাজী মোঃ ফখর উদ্দীন, নুর উদ্দিন, শাহীন আহমদ শাহীন, বেলাল আহমদ, আব্দুল মালিক মিলাদ, শহিদুল ইসলাম, আব্দুল কাইয়ুম প্রমুখ।
আলোচনা শেষে উপস্থিত ব্যক্তিবর্গের বিভিন্ন প্রশ্নের জবাব দেন আলোচক শায়েখ শাহ ওয়ালী উল্লাহ।
শুরুতে পবিত্র কুরআন থেকে তেলাওয়াত করেন হাফিজ এনামুল হক। দেশ ও জাতির মঙ্গল কামনা করে দোয়া পরিচালনা করেন সিলেট কালেক্টরেট জামে মসাজিদের ইমাম ও খতিব হাফিজ মাওলানা শাহ আলম।
আলোচকের বক্তব্যে শায়েখ শাহ ওয়ালী উল্লাহ বলেন, সৎ ও সত্যবাদী ব্যবসায়ীগণ নবী করিম হযরত মুহাম্মদ (সাঃ) এর সঙ্গী হবেন। নবীজি

(সাঃ) এর সঙ্গী হতে হলে অবশ্যই নিষ্ঠাবান, আদর্শবান ও আল্লাহ প্রেমিক হতে হবে। পবিত্র মাহে রমজানের রোজার প্রতিদান মহান আল্লাহ তায়ালা নিজেই দান করবেন। সেই প্রতিদান পেতে হলে ঈমানের সাথে সঠিকভাবে সবাইকে নামাজ-রোজা সহ ইসলামিক আদর্শ জীবনের প্রতিটি ক্ষেত্রে বাস্তবায়ন করতে হবে। তিনি বলেন, রাসূল সাঃ জীবনের শুরুতে ব্যবসায়ী ছিলেন। সেই থেকে মুসলিম ব্যবসায়ীদের সম্মান ছিলো এখনো আছে। সেই সম্মানকে ধরে রেখে নিষ্ঠা ও সততার সাথে ব্যবসা পরিচালনা করলে প্রতিষ্ঠানের উন্নতির পাশাপাশি সফলতা লাভ করা সম্ভব। তিনি রমজানের পবিত্রতা রক্ষা করে ব্যবসায়ীদের ব্যবসা পরিচালনা করার আহবান জানান।